গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫৪

## গোটা জাতি এখন নির্বাচনমুখী
## - বিভাগীয় কমিশনার

রাজশাহী, ১৩ ভাদ্র (২৮ আগস্ট):

গোটা জাতি এখন নির্বাচনমুখী বলে মন্তব্য করেছেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। তিনি আজ (২৮ আগস্ট) সকালে তাঁর সম্মেলন কক্ষে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় সভাপতির বক্তৃতায় এ মন্তব্য করেন।

বিভাগীয় কমিশনার বলেন, গত শনিবার প্রধান নির্বাচন কমিশনার আমাদের সাথে নির্বাচন বিষয়ে মতবিনিময় করেছেন। আমরা প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছি। তিনি অন্যান্য দপ্তরগুলোকেও প্রস্তুতি নেওয়ার জন্য আহ্বান জানান।

আসন্ন শীত মৌসুমে কেউ যেন অবৈধভাবে পুকুর কাটতে না পারে মৎস্য দপ্তরকে সেদিকে খেয়াল রাখার অনুরোধ জানিয়ে তিনি বলেন, কৃষি জমি ধ্বংস করে ফেললে চলবে না। আমাদের যেমন মাছ দরকার, তেমনি কৃষি জমি রক্ষা করাও জরুরি।

এসময় বর্ষায় যে সড়কগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে মেরামতের জন্য সড়ক পরিবহণ ও সেতু উপদেষ্টার নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনে সড়ক বিভাগকে অনুরোধ জানান তিনি ।

সভায় স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, সরকার ৯ মাস থেকে ১৫ বছর বয়সী সব শিশুকে বিনামূল্যে টাইফয়েডের টিকা প্রদান করবে। ১ সেপ্টেম্বর থেকে এই টিকা দেওয়ার সিদ্ধান্ত ছিল। সেটি পরিবর্তিত হয়ে এখন ১২ অক্টোবর থেকে দেওয়া শুরু হবে। নিবন্ধন কাজ চলমান রয়েছে। এই টিকা নেওয়ার জন্য শিশুদের জন্ম নিবন্ধন নম্বর দিয়ে নিবন্ধন করতে হবে।

স্বাস্থ্য বিষয়ক আলোচনায় সিরাজগঞ্জ জেলা প্রশাসক কুকুর ও সাপের উপদ্রব থেকে বাঁচতে উপজেলা পর্যায়ের হাসপাতালে ভ্যাকসিন নিশ্চিত করার অনুরোধ জানান।

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

পানি উন্নয়ন বোর্ডের পক্ষ থেকে বলা হয়েছে, অধিকাংশ নদীর পানি এখন কমতির দিকে। তবে পূর্বাভাস আছে যে, অতিবৃষ্টির কারণে এ বছর আরও একবার পানি বাড়তে পারে। পানি উন্নয়ন বোর্ড সতর্ক আছে এবং তাদের প্রস্তুতিও রয়েছে।

জেলা তথ্য অফিসের পক্ষ থেকে জানানো হয়েছে, বাংলাদেশ টেলিভিশনের নতুন কুঁড়ি প্রতিযোগিতা আবার শুরু হচ্ছে। ৫ সেপ্টেম্বর পর্যন্ত এ প্রতিযোগিতার জন্য আবেদন করা যাবে। সারা দেশকে ১৯টি অঞ্চলে ভাগ করে প্রাথমিক বাছাই হবে। অভিনয়, আবৃত্তি, গল্প বলা বা কৌতুক, সাধারণ নৃত্য বা উচ্চাঙ্গ নৃত্য, দেশাত্মবোধক গান বা আধুনিক গান, রবীন্দ্রসংগীত, নজরুলসংগীত, লোকসংগীত এবং হামদ-নাত বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সভায় বিভাগীয় পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের দপ্তর প্রধানগণ এবং রাজশাহী বিভাগের আট জেলার জেলা প্রশাসকগণ অংশগ্রহণ করেন।

...........................................................

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম ২০২৫/১৩.০০ ঘ.